

২০২১

বাংলা

(প্রোগ্রাম)

(সি বি সি এস পদ্ধতি অনুযায়ী নতুন পাঠক্রম)

তৃতীয় সেমেস্টার

কোর্স কোর্ড : BNGP-CC-T-3

(জীবনী, আত্মজীবনী ও ভ্রমণসাহিত্য)

পূর্ণমান : ৬০

সময় : ২ ঘন্টা ৩০ মিনিট

দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমান নির্দেশক।

প্রশ্নগুলির উত্তর যথাসম্ভব নিজের ভাষায় হওয়া বাঞ্ছনীয়।

[A4 কাগজের দশ থেকে বারো পাতার মধ্যে উত্তরপত্র সম্পূর্ণ করতে হবে।]

১। যে-কোনো দশটি প্রশ্নের উত্তর দাও :  $২ \times ১০ = ২০$ 

ক) ভ্রমণসাহিত্য কাকে বলে?

খ) 'কৃষ্ণচরিত্র' গ্রন্থটির লেখক কে? গ্রন্থটি কত সালে প্রকাশিত হয়?

গ) 'জাপান যাত্রী' ও 'বঙ্কিম বরণ' গ্রন্থ দুটির লেখকের নাম কী?

ঘ) আত্মজীবনীর সংজ্ঞা লেখো।

ঙ) ভ্রমণসাহিত্যের দুটি বৈশিষ্ট্য উল্লেখ করো।

চ) 'পালামৌ' গ্রন্থটি কোন্ পত্রিকায়, ক'টি পর্বে ছাপা হয়েছিল?

(পরের পাতায়)

ছ) '...বৃদ্ধ গল্প করে।' — বৃদ্ধ বলতে কাকে বোঝানো হয়েছে? এখানে কোন্ গল্পের কথা বলা হয়েছে?

জ) 'সবগুলিই যেন কৃষ্ণঠাকুর' — কাদের কথা বলা হয়েছে? তাদেরকে কৃষ্ণঠাকুর বলার কারণ কী?

ঝ) 'বালকের ন্যায় মনের সহিত ক্রীড়া করিতাম।' — কে, কখন, কোথায় বসে মনের সাথে ক্রীড়া করতেন?

ঞ) 'মানুষের মৃত্যু আছে, জাতিরও লোপ আছে।' — কোন্ প্রসঙ্গে কেন একথা বলা হয়েছে?

ট) 'জীবনস্মৃতি' গ্রন্থের প্রবন্ধগুলি কোন্ পত্রিকায় প্রকাশিত হয়েছিল? গ্রন্থটির প্রথম ও শেষ প্রবন্ধের নাম কী?

ঠ) 'বাল্যকালে আর একটি ছোটো কাগজের পরিচয় লাভ করিয়াছিলাম।' — কোন্ কাগজের কথা বলা হয়েছে? কাগজটির সম্পাদক কে ছিলেন?

ড) 'এ বই আমি পড়িবই' — কোন্ বইয়ের কথা বলা হয়েছে? বইটির লেখক কে?

ঢ) 'বিশ্বজীবনের কাছে ক্ষুদ্র জীবনের এই আত্মনিবেদন' — কোন্ প্রবন্ধের অন্তর্গত? আত্মনিবেদনটি উল্লেখ করো।

ণ) 'তিনি একাই একটি সভা' — কার্ কোন্ সভার কথা বলা হয়েছে?

২। যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দাও :  $৫ \times ৪ = ২০$ 

ক) আত্মজীবনীর বৈশিষ্ট্যগুলি আলোচনা করো। লেখকের নাম সহ চারটি আত্মজীবনীমূলক গ্রন্থের নাম লেখো।

- খ) ‘জীবনস্মৃতি’ গ্রন্থে ‘ভারতী’ পত্রিকার সঙ্গে রবীন্দ্রনাথের যে সম্পর্কের ইতিহাস উল্লিখিত হয়েছে তা আলোচনা করো।
- গ) ‘জানলার নিচেই একটি ঘাট বাঁধানো পুকুর ছিল।’ —কোন প্রবন্ধের অন্তর্গত? ‘ঘাট বাঁধানো’ পুকুরের যে স্মৃতি রবীন্দ্রনাথ তুলে ধরেছেন তা লেখো।
- ঘ) ‘আতার বীজ হইতে আজও অঙ্কুর বাহির হয় কিন্তু মনের মধ্যে তাহার সঙ্গে আজ আর বিস্ময় অঙ্কুরিত হইয়া উঠে না।’ — কোন প্রবন্ধ থেকে নেওয়া হয়েছে? উক্তিটির অন্তর্নিহিত তাৎপর্য বিশ্লেষণ করো।
- ঙ) ‘পরেই তাহারা নৃত্য আরম্ভ করিল।’ — ‘তাহারা’ বলতে কাদের কথা বলা হয়েছে? তাদের নৃত্যশৈলীর বিশেষত্বের পরিচয় দাও।
- চ) ‘পালামৌ’ গ্রন্থে লেখক প্রকৃতি-পরিবেশের যে ছবি তুলে ধরেছেন তার সংক্ষিপ্ত পরিচয় দাও।

- গ) ভ্রমণসাহিত্য হিসাবে ‘পালামৌ’ গ্রন্থখানির সার্থকতা আলোচনা করো।
- ঘ) ‘পালামৌ’ ভ্রমণবৃত্তান্তে কোল সম্প্রদায়ের যে পরিচয় আছে তা লেখো।

৩। যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও :  $10 \times 2 = 20$

- ক) ঠাকুর বাড়ির অভ্যন্তরীণ পরিবেশ সম্পর্কে রবীন্দ্রনাথ ‘জীবনস্মৃতি’ গ্রন্থে যে আলোকপাত করেছেন তা লেখো।
- খ) ‘ঠাকুর বাড়িতে শুধু সাহিত্য চর্চা নয়, স্বাদেশিকতার হাওয়াও বইত।’ — স্বাদেশিকতার পরিমণ্ডল রবীন্দ্রনাথের মনে কিরূপ প্রভাব ফেলেছিল তা ‘জীবনস্মৃতি’ প্রবন্ধ অবলম্বনে আলোচনা করো।